সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের অধীনে পাট গবেষণার একটি আঞ্চলিক কেন্দ্র কিশোরগঞ্জে অবস্থিত কিশোরগঞ্জ সহ বৃহত্তর ময়মনসিংহ ও সিলেট অঞ্চলে পাটের গবেষণার প্রতিনিধিত্ব করে। এই কেন্দ্রে বিগত তিন বছরে বিজেআরআই এর খামার ব্যবস্থাপনা ইউনিট এবং অন্যান্য বিভাগের গবেষণা কর্মকান্ড সংশ্লিষ্ট বিজ্ঞাণীদের সহায়তায় মোট ৮৮ টি পরীক্ষণ স্থাপন করে এবং পাট সংক্রান্ত বিভিন্ন কৃষি প্রযুক্তি সম্প্রসারণের জন্য ৬০০ জন পাট চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিগত তিন বছরে এ কেন্দ্রে ১০৩৫ কেজি প্রজনন এবং ৮২৬৩ কেজি মানঘোষিত বীজ উৎপাদন করে যথাক্রমে বিএডিসি কে এবং চাষী পর্যায়ে সরবরাহ করা হয়েছে। এ ছাড়া কেন্দ্রটি কিশোরগঞ্জসহ বৃহত্তর ময়মনসিংহ ও সিলেট অঞ্চলে পাট বপন মৌসুমে বীজের চাহিদা পূরণে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। জমির সুষ্ঠু ব্যবহার, শস্যক্রম অনুসরণে বিভিন্ন  কার্যক্রম গ্রহণ করছে। যা কর্মসূচী জাতীয় কৃষি কার্যক্রমে আবদান রাখছে।